# Times Today BD

জেলা প্রতিনিধি | রাজনীতি | 17 July, 2025

দেশব্যাপী জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) ঘোষিত পদযাত্রা কর্মসূচির অংশ হিসেবে দলটি আজ ফরিদপুরে সমাবেশ করবে।গোপালগঞ্জে গতকালের সহিংস ঘটনার প্রেক্ষাপটে ফরিদপুরে বাড়তি সতর্কতা নিয়েছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।

পূর্বঘোষিত সময়সূচি অনুযায়ী সকাল ১০টায় সমাবেশ শুরুর কথা থাকলেও তা পরিবর্তন করে দুপুর ১২টা ৩০ মিনিটে আয়োজনের সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে জানিয়েছেন এনসিপির স্থানীয় নেতারা।দলটির কেন্দ্রীয় নেতারা সকালে মধুখালীতে বিরতি নিয়ে সংক্ষিপ্ত সমাবেশ শেষে শহরে পৌঁছাবেন।

ফরিদপুর সদরের জনতা ব্যাংক মোড়ে সমাবেশের মঞ্চ প্রস্তুতির কাজ সকাল থেকেই চলছিল।এ সময় গণমাধ্যমকর্মীরা সেখানে উপস্থিত হন এবং পুলিশ সদস্যদেরও ব্যাপক উপস্থিতি লক্ষ্য করা যায়।

এনসিপির ফরিদপুর জেলার সিনিয়র কনভেনর এসএম জাহিদ সকালে সাংবাদিকদের বলেন, "সমাবেশ সাড়ে ১২টায় শুরু হবে। গোপালগঞ্জের ঘটনার পুনরাবৃত্তির আশঙ্কা নেই। ফরিদপুরের মানুষ শান্তিপ্রিয়, আমরা আশাবাদী সমাবেশ শান্তিপূর্ণভাবেই শেষ হবে।"

নিরাপত্তা নিশ্চিতে জেলার পুলিশ প্রশাসন মোতায়েন করেছে ৪০০ জনের বেশি সদস্য। অতিরিক্ত নিরাপত্তার অংশ হিসেবে র‍্যাব ও সেনাবাহিনীর সদস্যদের টহল থাকবে বলে নিশ্চিত করেছেন ফরিদপুর কোতওয়ালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ আসাদুজ্জামান।

তিনি বলেন, "আমরা আমাদের সাধ্যের মধ্যে সর্বোচ্চ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছি। বাইরের কোনো বাহিনী আনা হয়নি। আশা করছি, সমাবেশটি শান্তিপূর্ণভাবেই অনুষ্ঠিত হবে।"

এদিকে সকালে এনসিপির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম সামাজিক মাধ্যমে লেখেন, "ফরিদপুর, রাজবাড়ী, মানিকগঞ্জ – আমরা আসছি জুলাই পদযাত্রায়।দেখা হবে ইনশাআল্লাহ।"

উল্লেখ্য, এনসিপির কেন্দ্রীয় নেতাদের গতকাল গোপালগঞ্জ, মাদারীপুর ও শরীয়তপুরে কর্মসূচি শেষে ফরিদপুরে অবস্থান করার কথা ছিল। তবে গোপালগঞ্জে সংঘর্ষের ঘটনায় তারা সেখানে না থেকে খুলনায় চলে যান। আজ সকালে তারা খুলনা থেকে ফরিদপুরের পথে রওনা হয়েছেন।

এনসিপি পদযাত্রা কর্মসূচি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 04:12

URL: https://timestodaybd.com/politics/4893775807